# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪১৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৩৫. ফজরের সালাতের পর কেউ সাজদার আয়াত পাঠ করলে

باب فِيمَنْ يَقْرَأُ السَّجْدَةَ بَعْدَ الصُّبْحِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ الصَّبَّاحِ الْعَطَّارُ، حَدَّثَنَا أَبُو بَحْرٍ، حَدَّثَنَا ثَابِتُ بْنُ عُمَارَةَ، حَدَّثَنَا أَبُو تَمِيمَةَ الْهُجَيْمِيُّ، قَالَ : لَمَّا بَعَثْنَا الرَّكْبَ قَالَ أَبُو دَاوُدَ : يَعْنِي إِلَى الْمَدِينَةِ قَالَ كُنْتُ أَقُصُّ بَعْدَ صَلاَةِ الصُّبْحِ فَأَسْجُدُ فَنَهَانِي ابْنُ عُمَرَ، فَلَمْ أَنْتَهِ ثَلاَثَ مِرَارٍ ثُمَّ عَادَ، فَقَالَ : إِنِّي صَلَّيْتُ خَلْفَ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم وَمَعَ أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ رضى الله عنهم فَلَمْ يَسْجُدُوا حَتَّى تَطْلُعَ الشَّمْسُ .

ـ ضعيف

বাংলা

১৪১৫। আবূ তামীমাহ আল-হুজায়মী (রহঃ) বলেন, যখন আমরা কাফেলার সাথে মদীনায় আসি তখন ফজরের সালাতের পর আমি লোকদেরকে ওয়ায করতাম, এ সময় সাজদার আয়াত পাঠ করলে আমি সিজদা্ করতাম। ইবনু ’উমার রাযিয়াল্লাহু ’আনহুমা আমাকে পরপর তিনবার নিষেধ করা সত্ত্বেও আমি তার কথায় কর্ণপাত না করায় তিনি পুনরায় নিষেধ করে বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আবূ বকর, ’উমার এবং ’উসমান (রাঃ)-এর পেছনে সালাত আদায় করেছি। কিন্তু তাঁরা সূর্য না উঠা পর্যন্ত সিজদা্ করেননি।[1]

দুর্বল।

## English

Narrated AbuTamimah al-Hujaymi:

When we came to Medina accompanying the caravan, I used to preach after the dawn prayer, and prostrate on account of the recitation of the Qur'an.

Ibn Umar prohibited me three times, but I did not cease doing that. He then repeated (his prohibition) saying: I prayed behind the Messenger of Allah (ﷺ), AbuBakr, Umar and Uthman, they would not prostrate (on account of the recitation of the Qur'an) till the sun had risen.

## ফুটনোট

[1] আহমাদ (হাঃ ৪৭৭১)। আবূ দাউদের সনদে আবূ বাহর রয়েছে। হাফিয তাকে দুর্বল বলেছেন। কিন্তু তার তাবে‘ করেছেন ওয়াকী‘ আহমাদের নিকট। তিনি নির্ভরযোগ্য রাবী। সুতরাং হাদীসটি সহীহ।’

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58733

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন